মেহেরপুরে অনলাইন জুয়ার এজেন্ট দিপুসহ তিনজন গ্রেফতার

মেহেরপুরের অনলাইন জুয়ার শীর্ষ এজেন্ট দেলোয়ার হোসেন দিপু ও সুমনসহ তিনজনকে গ্রেফতার করেছে মেহেরপুর ডিবি পুলিশ।

আজ সোমবার বিকালে মুজিবনগর থানাধীন মেহেরপুর-আটকবরগামী পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করে তাদের তিনজনকে গ্রেফতার করা হয়। এ সময় তাদের হেফাজত হতে পাঁচটি মোবাইল ফোন, বিভিন্ন ব্যাংকের চারটি এটিএম কার্ড, দুটি পেনড্রাইভ ও একটি প্রাইভেটকার উদ্ধার করা হয়।

গ্রেফতারকৃতরা হলো- মুজিবনগরের টঙ্গী গোপালপুরের বিল্লাল হোসেনের ছেলে দেলোয়ার হোসেন দিপু (৪০), সদর উপজেলার পিরোজপুর গ্রামের রেজাউল খন্দকারের ছেলে সুমন আলী (৩৮) ও গোপালপুর মাঝপাড়ার সিরাজুল ইসলামের ছেলে সাকিবুল ইসলাম (২৩)।

পুলিশ প্রেস রিলিজে জানায়, গ্রেফতারকৃতদের প্রাথমিক জিজ্ঞাসাবাদে তারা গ্রামের সহজ-সরল বিভিন্ন শ্রেণি-পেশার লোকদের অধিক লাভের প্রলোভন দেখিয়ে অনলাইনে জুয়া খেলায় উদ্বুদ্ধ করার কথা স্বীকার করেছে। তারা নিজেরাও দীর্ঘদিন ধরে অনলাইনে জুয়া খেলার প্লাটফর্ম পরিচালনা করে আসছে এবং জুয়া খেলায় আসক্ত।

পুলিশ আরও জানায়, গ্রেফতারকৃত মোঃ দেলোয়ার হোসেন দিপুর বিরুদ্ধে মেহেরপুর সদর, গাংনী ও মুজিবনগর থানায় একাধিক মামলা রয়েছে এবং মোঃ সুমন আলীর বিরুদ্ধে মুজিবনগর থানায় একটি মামলা বিচারাধীণ রয়েছে।

গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মেহেরপুর জেলার মুজিবনগর থানায় সাইবার সুরক্ষা অধ্যাদেশে মামলা দায়ের করে আদালতে পাঠানো হয়েছে।